

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৭ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.০৯২.০৮০.০০২.১৩-৪৮১

তারিখ : ০৪.১২.২০১৬ খ্রি:।

পুন: অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)


বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance এর জন্য স্থানীয় ঠিকাদারী/সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত পুন: অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

২.০১ বাণিজ্য মন্ত্রণালয়ের কক্ষ নং-২৩, ভবন নং-৩, প্রশাসন-৭ অধিশাখা হতে বিনা মূল্যে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং এ বিষয়ে জনাব দীন মোহাম্মদ, প্রশাসনিক কর্মকর্তা (মোবাইল: ০১৫৫২৪৪৪৯৯৬) এর নিকট থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

৩.০১ আগামী ১৪-১২-২০১৬ তারিখ-বেলা : ১২.০০ ঘটিকা পর্যন্ত উপসচিব (প্রশাসন-৭ অধিশাখা), কক্ষ নং-২৩, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রাপ্তি স্বীকারের মাধ্যমে পুন: অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) এর আবেদনপত্র সংগ্রহ করা যাবে।


৪.০১ শর্তসমূহ :

- ১। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত একক দর গৃহীত হলে তা ক্রয় আদেশে উল্লেখিত সময় পর্যন্ত বলবৎ থাকবে।
- ২। প্রেরিত Quotation নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা সচিবালয় ২নং গেটে রক্ষিত দরপত্র বাক্স আগামী ১৪-১২-২০১৬ তারিখে: বেলা ১২.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ৩। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক উদ্বৃত্ত/প্রদত্ত দর, কোটেশন দাখিলের সর্বশেষ তারিখের পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।
- ৪। প্রদত্ত Quotation সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- ৫। একক মূল্য এবং মোট মূল্যের যোগফলে কোনরূপ গড়মিল থাকলে Quotation মূল্যায়ন ও পরবর্তী ক্রয় আদেশে একক মূল্য বলবৎ থাকবে।
- ৬। দরপত্র দাতাকে একটি সীলগালা করা খামের উপরে সুস্পষ্টভাবে “RFQ” শব্দটি লিখে কোটেশন দাখিল করতে হবে।
- ৭। মন্ত্রণালয়ের আইটি ইনচার্জের অধীনে ওয়েবসাইট সংক্রান্ত সকল কাজ পরিচালিত হবে।
- ৮। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে কম্পিউটার/আইটি/ওয়েবসাইট সংক্রান্ত ব্যবসার স্বপক্ষে ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।
- ৯। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আইটি/ওয়েব বিশেষজ্ঞ থাকতে হবে এবং দরপত্রের সাথে তাঁর বায়োডাটা দাখিল করতে হবে।
- ১০। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে ৩৬৫ দিন ২৪ ঘন্টা সরাসরি ও ভায়া/অনলাইন সেবা এবং প্রতি কর্মদিবসে কর্মঘন্টায় সার্বক্ষণিক লোকাল সাপোর্ট দিতে হবে।



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ১১। মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহায়তায় প্রতিদিন ওয়েব সাইট আপডেট করতে হবে। প্রয়োজন অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশনুযায়ী ওয়েব ডিজাইন পরিবর্তন করতে হবে।
- ১২। ফায়ার ওয়াল, রাউটার, সুইচসমূহ, ওয়ারল্যাস ও স্প্যাম/কনটেন্ট ফিলটারিং সার্ভারসসহ নেটওয়ার্ক ডেভাইসের অদম্য সেবা প্রদান ও পর্যবেক্ষণ করতে হবে।
- ১৩। সার্বক্ষনিক টেলিফোন এবং ইন্টারনেট সেবা নিশ্চিত করতে হবে।
- ১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মিরাজুল ইসলাম উকিল)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০৯৫

E-mail: sas.admn7@mincom.gov.bd

বিতরণ :-

- ১। জনাব মোঃ আওলাদ হোসেন, সহকারী পরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। নোটিশ বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, সচিবালয় সকল গেইট।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ মোড়, ঢাকা। বহল প্রচারের নিমিত্ত নোটিশটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Request For Quotation

নং-২৬.০০.০০০০.০৯২.০৮০.০০২.১৩-৫৫৯


ইস্যুর তারিখ :

বিষয়ঃ বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance প্রসঙ্গে।

বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance করার লক্ষ্যে Quotation দাখিলের অনুরোধ করা হলোঃ

প্রতিষ্ঠানের নামঃ

ঠিকানাঃ


০৯-১২-১৫
ইস্যুকারী অফিসার